

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৬.১৮-২৫৪

তারিখ: ০৭ পৌষ, ১৪২৬ ব.  
২২ ডিসেম্বর, ২০১৯ খ্রি:

**বিষয় : ০৬ টি সংস্থা কর্তৃক টিএমইডি-তে প্রেরিত মাসিক প্রতিবেদনের উপর টিএমইডির নির্দেশনা।**

- সূত্র: ০১. কাশিঅ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০২২.১৬.১২৭.১৮-৭৭, তারিখ: ২১.১১.২০১৯ খ্রি।  
০২. মাদ্রাসা শিক্ষা অধি: এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১১.০০৩.১৭-৩৮৭, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি।  
০৩. বামাশিবো স্মারক নং-৩৭.১৬.০০০০.০১০.১৬.০০১.১৯-৩৬৯, তারিখ: ০৪.১২.২০১৯ খ্রি।  
০৪. বাকাশিবো স্মারক নং-৫৭.১৭.০০০০.১০৪.০২.১৯-২০২৭, তারিখ: ০১.১২.২০১৯ খ্রি।  
০৫. নেকটর স্মারক নং-৫৭.২১.০০০০.০০৪.২১.০০৯.১৭-১৮১১, তারিখ: ০৪.১২.২০১৯ খ্রি।  
০৬. টিএমটিআই স্মারক নং-২৩৬/অডিট/২০১৫-১৬/হিসাব/৩০৯, তারিখ: ০৯.১২.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও ০৬ টি সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টিএমইডি-তে প্রতি মাসে একটি সমন্বয় সভা সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় টিএমইডির নিয়ন্ত্রণাধীন ০৬ টি সংস্থা হতে প্রতিবেদন টিএমইডি-তে প্রেরণ করা হয়ে থাকে।

০২. নভেম্বর মাসে প্রাপ্ত প্রতিবেদনে ০৪ টি সংস্থার প্রতিবেদনে কিছু অসংগতি প্রদর্শিত হয়েছে। যা নিম্নরূপ:

(ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত প্রতিবেদন ছকটিতে সঠিকভাবে তথ্য দেখানো হয়নি। উদাহরণস্বরূপ যেমন-অগ্রীম অনুচ্ছেদভুক্ত ১৭টি বিএসআর টিএমইডি-তে প্রেরণ হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে তবে কোন কোন স্মারকে তা প্রেরিত হয়েছে এর কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। ফলে উক্ত প্রতিবেদন হতে মোট অডিট আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ নির্ণয় করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, পূর্ববর্তী মাসের(অক্টোবর) রিপোর্টটি হুবহু এ মাসেও (নভেম্বর) প্রেরিত হয়েছে। পরবর্তী মাসে সঠিকভাবে তৈরীকৃত অডিট প্রতিবেদন প্রেরণের জন্য চেয়ারম্যান, বিটিইবি-কে অনুরোধ করা প্রয়োজন।

(খ) BMTTI হতে প্রাপ্ত প্রতিবেদন ছকটিতে সঠিকভাবে তথ্য দেখানো হয়নি। অর্থাৎ বিগত সেপ্টেম্বর ও অক্টোবর মাসে যে তথ্য দেখানো হয়েছে নভেম্বর মাসেও হুবহু একই তথ্য দেখানো হয়েছে। ফলে এক্ষেত্রে মোট অডিট আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ নির্ণয় করা সম্ভব হয়নি। পরবর্তী মাসে সঠিকভাবে তথ্য প্রেরণের জন্য অধ্যক্ষ, বিএমটিআই-কে অনুরোধ করা প্রয়োজন।

(গ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত প্রতিবেদনটি টিএমইডি এর নির্ধারিত ফরমেট অনুযায়ী তৈরী করা হয়নি এবং সঠিকভাবে তথ্যও প্রদান না করায় প্রকৃত অডিট আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ নির্ণয় করা সম্ভব হয়নি। পরবর্তী মাসে টিএমইডি প্রণীত ফরমেট অনুযায়ী তথ্য প্রেরণের জন্য ডিজি, ডিএমইকে অনুরোধ করা প্রয়োজন।

(ঘ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত প্রতিবেদন ছকটিতে সঠিকভাবে তথ্য দেখানো হয়নি। যেমন- প্রতিবেদনে শুধুমাত্র গতমাসের জের, মোট ও অনিস্পন্ন আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ দেখানো হয়েছে, কিন্তু হালনাগাদ তথ্য উল্লেখ করা হয়নি। সেসাথে চলতি মাসের নিষ্পত্তি সংক্রান্তে কোন তথ্য উল্লেখ করা হয়নি বিধায় মোট অডিট আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ নির্ণয় করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, পূর্ববর্তী মাসের(অক্টোবর) রিপোর্টটি হুবহু এ মাসেও (নভেম্বর) প্রেরিত হয়েছে। পরবর্তী মাসে সঠিকভাবে তথ্য প্রেরণের জন্য চেয়ারম্যান, বিএমইবি-কে অনুরোধ করা প্রয়োজন।

০৩. এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনার আলোকে আগামী মাসের প্রতিবেদনটি (সমন্বয় সভায় উপস্থাপনের লক্ষ্যে) সঠিকভাবে যাচাই-বাহাইপূর্বক তথ্য পূরণ করে টিএমইডি-তে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা:

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন : ৪১০৫০১৫৭

বিতরণ:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ইস্কাটন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, বিএমটিআই, গাজীপুর।

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৬.১৮-২৫৪

তারিখ: ০৭ পৌষ, ১৪২৬ ব.  
২২ ডিসেম্বর, ২০১৯ খ্রি:

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫-৬. অফিস কপি/ মাস্টার কপি।

২২/১২/১৯

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)